গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫-১৭৪

তারিখ : ২৭ মাঘ ১৪৩১ / ১০ ফেব্রুয়ারি ২০২৫

## "সভার নোটিশ"

আগামী ১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখ রোজ ~~সোমবার~~ [বৃহস্পতিবার] সকাল- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.........................................................................................................., কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫-১৭৪

তারিখ : ২৭ মাঘ ১৪৩১ / ১০ ফেব্রুয়ারি ২০২৫

"সভার নোটিশ"

আগামী ১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখ রোজ ~~সোমবার~~ [বৃহস্পতিবার] সকাল- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১৩/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.........................................................................................................., কালিয়া, নড়াইল।

# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১৩/০২/২০২৫ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ১৩/০১/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৫ মাসের আয় ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জানুয়ারি/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী (নিচে দ্রষ্টব্য) | | |

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জানুয়ারি/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| জানুয়ারি/২০২৫ মাসের আয় | টাকা | জানুয়ারি/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| সাব রেজিষ্ট্রি অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা | ৭,১২,০২৪.১৫ | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, চেক ইস্যু এবং অন্যান্য ব্যয়। | ১০৪,৮৩৫ |
| মোট প্রাপ্ত = | ৭,১২,০২৪.১৫ | মোট ব্যয়/খরচ = | ১০৪,৮৩৫ |
| প্রারম্ভিক জের = | ২৬,৯৭,১৬০.২০ | সমাপ্তি জের/ব্যালান্স = | ৩৩,০৪,৩৪৯.৩৫ |
| সর্বমোট = | ৩৪,০৯,১৮৪.৩৫ | সর্বমোট = | ৩৪,০৯,১৮৪.৩৫ |

**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের জানুয়ারি/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী**

| জানুয়ারি/২০২৫ মাসের আয় | টাকা | জানুয়ারি/২০২৫ মাসের ব্যয় | টাকা |
|---|---|---|---|
| মোট প্রাপ্ত | - | মোট ব্যয়/খরচ | - |
| প্রারম্ভিক মোট | ৫৬,৪১,৯৭২.৬৯ | সমাপ্তি জের/ব্যালান্স | ৫৬,৪১,৯৭২.৬৯ |
| সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ | সর্বমোট = | ৫৬,৪১,৯৭২.৬৯ |

উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।

| ক্রঃ নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বদলি হওয়ায় জেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অতিরিক্ত দায়িত্বে রয়েছেন। সভায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | বিস্তারিত আলোচনান্তে, আগামী সভায় তার দপ্তরের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন। তিনি জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৪৭,৩৩০ জন। এদের মধ্যে পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৩৭,৬৭৩ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১,৫৭৫ জন। তিনি আরো বলেন, তার দপ্তর হতে ১,৭০৮ জনকে শিশু সেবা, ৫৮৬ জনকে গর্ভবতী সেবা, ২০,৬০৪ জনকে পুষ্টি সেবা এবং ২৩৩ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৭ জনকে এফডব্লিউসিতে স্বাভাবিক ডেলিভারী করানো হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, আগত সেবা প্রত্যাশিদের মাঝে শতভাগ স্বচ্ছতার সহিত সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, গ্রীষ্মকালীন প্রণোদনা কর্মসূচীর আওতায় সর্বমোট= ৬৭০ জনের মাঝে মুগ ও তীলের বীজ বিতরণ করা হবে। তন্মধ্যে তীলের বীজ ৫৩০ জন ও মুগ বীজ ১৪০ জনের মাঝে বিতরণ করা হবে। পাশাপাশি তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, গ্রীষ্মকালীন প্রণোদনা কর্মসূচীর আওতায় তীল ও মুগের বীজ বিতরণ কার্যক্রম শতভাগ সচ্ছতার সাথে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে তার দপ্তরের কোন কার্যক্রম চলমান নেই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গৃহীত ও বাস্তবায়িত হবে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কর্মকান্ডে গতিশীলতা আনায়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে ১,০৮০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। এ মাসে ৬৪,০০০ টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। পাশাপাশি ৩,১৫০টি গবাদি পশুর চিকিৎসা, ৮,৫৭৫টি হাঁস-মুরগীর চিকিৎসা, ০৩টি পোষাপ্রাণির চিকিৎসা এবং ৪১০০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করানো হয়েছে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (টিয়ার/কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক ১ম ও ২য় কিস্তিতে বরাদ্দপ্রাপ্ত অর্থের প্রকল্প তালিকা গ্রহণ চলমান রয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে গ্রামীণ রাস্তাসমূহের টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ১টি রাস্তার ঠিকাদার নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং কার্যাদেশ প্রদান করে দ্রুত প্রকল্পের কাজ শুরু করা হবে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্পের আওতায় গ্রামীণ রাস্তসমূহে ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ কর্মসূচির আওতায় ৫টি প্যাকেজে ১৪টি সেতু/কালভার্টের কাজ চলমান আছে। ইতোমধ্যে ১০টি বক্স কালভার্টের মধ্যে ৪টির এবং ৪টি গার্ডার ব্রীজের মধ্যে ১টির ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে বীর নিবাস নির্মাণ প্রকল্পের ৫টি প্যাকেজে বীর নিবাস নির্মাণ প্রকল্পের কাজ ইতোমধ্যে ২টি প্যাকেজের কাজ শেষ হয়েছে। তন্মধ্যে ৩টি প্যাকেজের ৫টি ঘরের কাজ সমাপ্ত হয়েছে এবং ২টি ঘরের কাজ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্ত ১৩টি বীর নিবাসের মধ্যে ১০টি বীর নিবাসের নির্মাণ কাজ চলমান আছে এবং ২টি ঘরের কাজ এখনও শুরু করা হয়নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, চলমান প্রকল্প সমূহের সচিত্র প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে তৃতীয় কিস্তির পেরোল প্রদানের লক্ষ্যে মৃত ভাতাভোগীদের পরিবর্তে অনলাইনে আবেদনকৃত ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের রেজুলেশনসহ তালিকা চেয়ে উপজেলার প্রতিটি ইউনিটে চিঠি প্রেরণ করা হয়েছে। যেখানে কার্যালয়ে তালিকা প্রেরণের ডেড লাইন ১৫ ফেব্রুয়ারি,২০২৫ খ্রিঃ পর্যন্ত। জয়নগর ও পহরডাঙ্গা ব্যতীত অন্য কোনো ইউনিট থেকে তালিকা অত্র কার্যালয়ে এসে পৌছায় নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচানান্তে, মৃত ভাতাভোগীদের পরিবর্তে অনলাইনে আবেদনকৃত ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের তালিকা সকল ইউনিয়ন হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখ থেকে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হয়েছে। ২০২৫ শিক্ষাবর্ষের চতুর্থ ও পঞ্চম শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক পাওয়া গিয়েছে এবং ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখে সকল ছাত্র ছাত্রীর হাতে পৌছে গিয়েছে। তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন ৩০/১২/২০২৪ খ্রিঃ তারিখ থেকে শুরু হয়ে পরিপত্র অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে। গত ০৯/০১/২০২৫ খ্রিঃ তারিখ ছাত্র ছাত্রীদের উপজেলা পর্যায়ে চিত্রাঙ্কন প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও ক্যাবিং প্রতিযোগিতা বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে গত ০৫/০২/২০২৫ খ্রিঃ তারিখ থেকে শুরু হয়েছে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার্থীদের শিক্ষার গুণগত মান বজায় রাখাসহ তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২৫ মাসে ০২টি ব্যাচে ৬০ (পুরুষ-২০, মহিলা-৪০) জন যুব/যুব মহিলাকে গবাদি পশু ও হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২৫ মাস পর্যন্ত ৫৭ (পুরুষ-৩০, মহিলা-২৭)জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে=২২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়ছে। চলতি অর্থ বছরে ফেব্রুয়ারি/২০২৫ মাস পর্যন্ত ৫৭ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। চলতি মাস পর্যন্ত ০৫ (পুরুষ-৩, মহিলা-২)জনকে বায়োগ্যাসপ্লান্ট প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ২,৫০,০০০/- টাকা বায়োগ্যাসপ্লান্ট ঋণ বিতরণ করা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তিতে ২৩,৬৯,০০০/- টাকা এবং দ্বিতীয় কিস্তিতে ২৩,৬৯,০০০/- লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তৃতীয় ও চতুর্থ কিস্তিতে ২৩,৬৯,০০০/- লক্ষ টাকা করে পাওয়া যাবে ধরে নিয়ে মোট ৯৪,২৯,০০০/- টাকার প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। প্রাক্কলন প্রস্তুতির কাজ শেষ পর্যায়ে। যতদ্রুত সম্ভব টেন্ডার কার্যক্রম করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহ দ্রুত সময়ের মধ্যে বাস্তাবায়নের জন্য পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত ৬০ টি গভীর নলকূপের কাজ সমাপ্ত হয়েছে। পরবর্তীতে আরও ৫০টি গভীর নলকূপের সাইট ইতিমধ্যে পরিদর্শন করা হয়েছে এবং উক্ত ৫০টি অনুমোদন সাপেক্ষে কাজ শুরু হবে। এ বিষয়ে চেয়ারম্যান, খাশিয়াল ইউনিয়ন পরিষদ জানান যে, বিগত অর্থ বছরে এ উপজেলায় বাস্তবায়িত অনেক গভীর নলকূপের গোড়া এখনো পর্যন্ত পাকা করণ কাজ সম্পন্ন করা হয় নি। তিনি যে সকল গভীর নলকূপের গোড়া পাকা করা হয় নি সে সকল গভীর নলকূপের গোড়া পাকা করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ হতে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিসারকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৩.ক) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ শতভাগ স্বচ্ছতার সহিত নির্দিষ্ট সময়ের মধ্যে দ্রুততার সহিত সম্পন্ন করার প্রয়োজনীয় পক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.খ) বিগত অর্থ বছরে স্থাপিত যে সকল গভীর নলকূপের গোড়া এখনও পর্যন্ত পাকা করণ কাজ সম্পন্ন করা হয়নি সে সকল গভীর নলকূপের গোড়া পাকা করণ কাজ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারগণদের সময় নির্ধারণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে পাকা করণ কাজ সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়ের হার ৫৫%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তাারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে সরকারি মূল্য ৯ টাকায় চারা বিক্রয় বিতরণ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, বাংলাদেশ গেজেট এস, আর, ও নং ১৩০-আইন/১২ বিধিমালা নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল করাত কলের লাইসেন্স থাকা বাধ্যতামূলক হলেও এ উপজেলার অনেক করাত কলের লাইসেন্স নেই। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার সকল করাত কলের লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণে ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্তি সাপেক্ষে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন ৩০/১২/২০২৪ খ্রিঃ তারিখ থেকে শুরু হয়ে পরিপত্র অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাট ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ তথ্য সংগ্রহ করা হয়েছে। অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পের মুল পর্বের তথ্য সংগ্রহ চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, খাদ্যবান্ধব ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি আমন ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, ৩০ টাকায় চাল ও ২০ টাকায় আটা বিক্রয়ের ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, প্রতিটি ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলার নিয়োগ ও ওএমএস এর চাল বিতরণ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে মোট আয় ৩,৮৮,৭৯৮/-, মোট ব্যয় ৪,১৫,১২২/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত মোট লক্ষ্য মাত্রা ৩৭,৮৫,০০০/- অর্জন ২৪,৪০,০০০ হার ৬৪%। তন্মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১৫,০০,০০০/- অর্জন ৩,৩০,০০০/- হার ২২%, নারী উদ্যোক্তা ঋণ খাতের লক্ষ্য মাত্রা ৭,০০,০০০/- অর্জন ৮,৬০,০০০/- হার ১২৩%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণবিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১০,৮৫,০০০/-, অর্জন ১২,৫০,০০০/- হার ১১৫%, প্রনোদনা ঋণ বিতরণ (কোভিড ঋণ) খাতের লক্ষ্য মাত্রা ৩,০০,০০০/- অর্জন নাই এবং কৃষি জীবিকায়ন ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা ২,০০,০০০/- অর্জন নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |
| ২১ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২২ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস সভায় উপস্থিত। তিনি জানান যে, আসন্ন পবিত্র মাহে রমজান এবং গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে বৈদ্যুতিক লাইনের উপরের গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি আরো জানান যে, বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বকেয়া বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>ক) আসন্ন পবিত্র মাহে রমজান এবং গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বিবিধ-১ | সভায় উপস্থিত ফরেষ্টার, কালিয়া, নড়াইল বলেন, তার দপ্তরের পার্শ্বে অবস্থিত হেলিপ্যাডের উত্তর ও পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল না থাকায় বিভিন্ন সময় উপজেলা হেলিপ্যাডে বাইরের লোকজন অবাধে চলাফেরা করে এবং নেশাগ্রস্থ ছেলেদের নেশা করতে দেখা যায়। এ বিষয়ে ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, হেলিপ্যাডের উত্তর ও পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল না থাকায় উপজেলা পরিষদের জমির পাশের জমির মালিকগণ উপজেলা পরিষদের জমি দখল করার সুযোগ পাবে। ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অভিমতে একমত পোষণ করে ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, যেহেতু উপজেলা পরিষদের হেলিপ্যাড নির্জন স্থান। সেহেতু উক্ত স্থান দিয়ে উপজেলা পরিষদ হতে চুরি, ডাকাতিসহ নানাবিধ অপরাধ মূলক কার্যক্রম হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি আরো বলেন, বিগত সময়ে স্থান ব্যবহার উপজেলার মধ্যে ডাকাতির ঘটনাও ঘটেছে। তাই উপজেলার সার্বিক নিরাপত্তা বৃদ্ধি করাসহ সরকারি সম্পদ রক্ষার্থে উক্ত দুই পার্শ্বে উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ পূর্বক সীমানা প্রাচীর নির্মাণ করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবে সভায় উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের সম্পদ রক্ষা এবং সার্বিক নিরাপত্তা যোরদার করনের লক্ষ্যে উপজেলা পরিষদের হেলিপ্যাডের উত্তর ও দক্ষিণ পার্শ্বে উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ পূর্বক সীমানা প্রাচীর স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| ২৪ | বিবিধ-২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদ পুরাতন ভবনের নিচ তলায় অবস্থান করে তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। উপজেলা পরিষদের পুরাতন ভবনের উপরের তলায় সমবায় অফিস এবং তথ্য আপার কার্যালয় রয়েছে। তিনি বলেন, উপজেলা পরিষদের ভবনটি পুরাতন হওয়ায় ও দির্ঘদিন যাবৎ সংস্কার না করায় ভবনটির ছাদ ও দেওয়ালের বিভিন্ন যায়গায় ড্যাম হয়ে প্লাষ্টার খশে পড়ছে। যার ফলে উক্ত ভবনে অবস্থিত অফিসসমূহ ঝুকির মধ্য দিয়ে দপ্তরের দাপ্তরিক কাজ পরিচালনা করছে। তিনি উপজেলা পরিষদের পুরাতন ভবনটি সংস্কার ও রং করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত যুব উন্নয়ন অফিসার জানান যে, উপজেলা পরিষদের আর একটি পুরাতন ভবনে তার অফিস এবং উপজেলা আনসার ভিডিপির কার্যালয় রয়েছে। উক্ত ভবনটিও দীর্ঘদিন যাবৎ সংস্কার না করায় ভবনটির ছাদ ও দেওয়ালের বিভিন্ন যায়গায় ড্যাম হয়ে প্লাষ্টার খশে পড়ছে। তিনিও উপজেলা পরিষদের উক্ত ভবটি সংস্কার ও রং করার প্রস্তাব করেন। এ বিষয়ে উক্ত ভবনগুলিতে অবস্থিত অফিসের অফিস প্রধানগণ আরো জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে তারা উপজেলা পরিষদের অফিস ভাড়া পরিশোধ করেছেন। উপজেলা মহিলা বিষয়ক অফিসার এবং উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রস্তাবে সভায় উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদে প্রতিবছর উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাতে ১০,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের পুরাতন ভবন-১ ও পুরাতন ভবন-২ দীর্ঘদিন সংস্কার না করায় উক্ত ভবনগুলিতে অবস্থিত অফিস সমূহের ঝুকি নিরসনসহ সরকারি সম্পদ সংরক্ষণের জন্য জরুরী প্রয়োজনে উপজেলা পরিষদের পুরাতন ভবন-১ ও পুরাতন ভবন-২ মেরামত ও রং করণ প্রকল্পটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পরিশিষ্ট্য-খ) মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | বিবিধ-৩ | সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিব, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ বিক্রয় কমিটি, কালিয়া, নড়াইল জানান যে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কালিয়া, নড়াইল এর নতুন অফিস ভবন নির্মাণ করার জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির গত ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণী মোতাবেক উপজেলা পরিষদের উত্তর-পূর্ব কোনে পুরাতন ডরমিটরী ভবনের খালি জায়গায় আনসার ভিডিপি কমপ্লেক্স ভবন নির্মানের জন্য ১০ শতাংশ জমি বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার গত ২৭/০১/২০২৫ খ্রিঃ তারিখের ৪৪.০৩.০০০০.০২৩.১৩.২৭৩.২৫-১৮৮ নং স্মারকে কালিয়া উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় নির্মাণের কাজ আরম্ভের অনুমতি প্রদান করে। কিন্তু ভবন নির্মাণের জন্য নির্ধারিত জমিতে ০৩টি (০১টি সেগুন, ০১টি মেহগনি ও ০১টি তাল) গাছ থাকায় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কালিয়া, নড়াইল কার্যালয়ের গত ১০/০২/২০২৫ খ্রিঃ তারিখের ৪৪.০৩.৬৫২৮.০০৫.৭০০২.২৫-১৯ নং স্মারকে গাছ অপসারণের নিমিত্তে একটি পত্র পাওয়া যায়। উক্ত গাছগুলো অপসারণ না করা গেলে নতুন ভবন নির্মাণ করা সম্ভব নয় বিধায় গত ১২/০২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ বিক্রয় কমিটির সভার সিদ্ধান্তে মোতাবেক উপজেলা ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে উক্ত ০৩(তিন)টি গাছের বাজার দর অনুযায়ী সরকারি মূল্য নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কালিয়া, নড়াইল এর নিজস্ব নতুন অফিস ভবন নির্মাণ করার জন্য নির্ধারিত স্থানে ০৩টি (০১টি সেগুন, ০১টি মেহগনি ও ০১টি তাল) গাছ নিলামে বিক্রয়ের মাধ্যমে অপসারণের লক্ষ্যে প্রক্কলন ও মূল্য ১৩,৮১৪/- (তের হাজার আটশত চৌদ্দ) টাকা নির্ধারণ করা হয়েছে। সর্বমোট তিনটি গাছের বিপরীতে প্রস্তুতকৃত প্রাক্কলন ও মূল্য নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি তিনি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কালিয়া, নড়াইল এর নিজস্ব নতুন অফিস ভবন নির্মাণ করার জন্য নির্ধারিত স্থানে ০৩টি (০১টি সেগুন, ০১টি মেহগনি ও ০১টি তাল) গাছ নিলামে বিক্রয়ের অনুমতির জন্য জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের নিকট প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪- ২৫২ (৫০)

তারিখ: ১৯/০২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা ..........................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,.......................................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

Rajulation meting of co-ordinator/148

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ উন্নয়ন সমন্বয় কমিটির সভার ১৩/০১/২০২৫ খ্রি. তারিখে উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | ফরেস্টার, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | উপজেলঅ পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৩ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা:
মাসের নাম: ফেব্রুয়ারি/২০২৫ তারিখ : ১৩/০২/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] 13.02.2025 |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | [illegible] |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরাঃ

মাসের নামঃ ফেব্রুয়ারি/২০২৫ তারিখ : ১৩/০২/২০২৫ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০২ | সহকারী কমিশনার (ভুমি), কালিয়া, নড়াইল। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/২/২৫ |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | 13.02.2025 |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | ১৩/০২/২৫ |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩/২/২০২৫ |
| ০৯ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | |
| ১০ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | 13.02.25 |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩.০২.২০২৫ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১৩.০২.২০২৫ |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | 13.02.2025 |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৮ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২০ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২২ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | |
| ২৩ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৪ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | |
| ২৫ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২৭ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | |
| ২৮ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া। | |
| ২৯ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | Brishti 13.02.25 |
| ৩০ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩১ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩২ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | |
| ৩৩ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | |

| | | |
|---|---|---|
| ৩৪ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | |
| ৩৫ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | [signature] |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |